

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৭টি প্রতিষ্ঠানকে ২.২৯ লক্ষ টাকা জরিমানা

৭ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রংপুর, নেত্রকোণা, বরিশাল, ঝালকাঠি, গাজীপুর, সাতক্ষীরা, রাজবাড়ী, টাঙ্গাইল, জয়পুরহাট, ঝিনাইদহ, খুলনা, শরীয়তপুর ও গোপালগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রঞ্জবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শাহবাগ এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ক্যাফে বাগদাদকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে Boss Sweets কে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৬০,০০০/- (ষাট হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে নেত্রকোণা সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২৭,০০০/- (সাতাইশ হাজার) টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে জয়পুরহাটের পাঁচবিবি উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহিনুর আলমের নেতৃত্বে খুলনার রূপসা উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৫৬,০০০/- (ছাপান হাজার) টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদৌসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের টুঞ্জীপাড়া এলাকায় ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ১,৬৪,৫০০/- (এক লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদনের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Sung Food Garden কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ১৪টি বাজার তদারকি ও ১টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৩৭টি প্রতিষ্ঠানকে মোট ২,২৯,৫০০/- (দুই লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে মং ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, রংপুর, নেত্রকোণা, বরিশাল, ঝালকাঠি, গাজীপুর, সাতক্ষীরা, রাজবাড়ী, টাঙ্গাইল, জয়পুরহাট, ঝিনাইদহ, খুলনা, শরীয়তপুর ও গোপালগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, রংপুর, নেত্রকোণা, বরিশাল, ঝালকাঠি, গাজীপুর, সাতক্ষীরা, রাজবাড়ী, টাঙ্গাইল, জয়পুরহাট, ঝিনাইদহ, খুলনা, শরীয়তপুর ও গোপালগঞ্জ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।

১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।